



ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ বৃহত্তর রাজধানীর সূত্রাপুরের বাংলাবাজার এলাকায় অভিযান চালিয়ে বিনামূল্যে বিতরণের জন্য বিপুলসংখ্যক সরকারি পঠ্য বইসহ ৮ জনকে গ্রেপ্তার করে

বিনামূল্যে বিতরণের ৩ হাজার সরকারি বইসহ ৮ জন গ্রেপ্তার

যাযাদি রিপোর্ট

রাজধানীর সূত্রাপুর এলাকায় অভিযান চালিয়ে বিনামূল্যে বিতরণের জন্য প্রকাশিত সরকারি পাঠ্যবই কালোবাজারে বিক্রি করার অভিযোগে ৮ জনকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। গ্রেপ্তারকৃতরা হচ্ছে, বিজয় কুমার সরকার (৩৪), আব্দুল বাশার (৪৮), মো. হাফিজ উইয়া (৪৫), মো. শাহীন (৩৫), সাহাদ হোসেন (৩৮), মো. দুলাল হোসেন (৩১), শহীদ মিয়া (৪৮) ও শাহরাজ খান (৩৬)। মঙ্গলবার দুপুর থেকে গভীর রাত পর্যন্ত সূত্রাপুরের বাংলাবাজার এলাকায় অভিযান চালিয়ে তিন হাজার পাঠ্যবইসহ তাদের গ্রেপ্তারের পর বৃহত্তর সকালে ডিএমপি'র মিডিয়া কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে আর্মিদের হাজির করা হয়।

সংবাদ সম্মেলনে গোয়েন্দা পুলিশের সহকারী কমিশনার নাছির উদ্দিন খান জানান, বিনামূল্যে বিতরণের জন্য প্রকাশিত সরকারি পাঠ্যবই এক শ্রেণীর অসাধু বই ব্যবসায়ী কালোবাজারে বিক্রি করে। এসব সরকারি বই বাংলাবাজারের বিভিন্ন বইয়ের দোকান ও ফুটপাথের বইয়ের দোকানগুলোতে উচ্চমূল্যে পাওয়া যায়। এমন ধরনের ভিত্তিতে এসব সরকারি বই বিক্রির সঙ্গে জড়িত অসাধু ব্যবসায়ীদের গ্রেপ্তার করতে সোঁর্ন নিয়োগ করা

সরকারি পাঠ্যবই অসাধু ব্যবসায়ীরা কালোবাজারে বিক্রি করে থাকে

হয়। মঙ্গলবার সোঁর্নের দেয়া উত্থামতে দুপুর থেকে গভীর রাত পর্যন্ত বাংলাবাজার এলাকায় অভিযান চালানো হয়। অভিযানের এক পর্যায়ে বিভিন্ন দোকান থেকে ১ম শ্রেণী থেকে ১০ম শ্রেণীর প্রায় ৩ হাজার বই উদ্ধার করা হয়। উদ্ধার করা বইয়ের মধ্যে রয়েছে, বাংলা, মাধ্যমিক, বাংলা সন্ধান, বাংলা সহপাঠ, মাধ্যমিক গণিত, উচ্চমধ্যম, স্বতন্ত্র, প্রত্নতত্ত্ব, পরিবেশ পরিচিত সমাজ, মাধ্যমিক সাধারণ বিজ্ঞান, ইসলামী শিক্ষা, রচনা সন্ডার, চারু ও কাঞ্চনিকা, মাধ্যমিক অর্থনীতি, কৃষি শিক্ষা, শারীরিক শিক্ষা, মাধ্যমিক রসায়ন, কম্পিউটার শিক্ষা, মাধ্যমিক ভূগোল। এ সময় সেখান থেকে সরকারি বই বিক্রির অভিযোগে বিজয় কুমার সরকার, মো. আব্দুল বাশার, মো. শাহীন, সাহাদ হোসেন, মো. হাফিজ উইয়া, মো. দুলাল হোসেন, মো. শহীদ, ও মো. শাহরাজ খান নামে ৮ ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃতদের নামে সূত্রাপুর থানায় মামলা দায়ের করা হয়েছে।

নাছির উদ্দিন আরো জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেপ্তারকৃতরা সরকারি বই কালোবাজারে বিক্রয়ের সঙ্গে জড়িত থাকার কথা পুলিশের কাছে স্বীকার করে। এই চক্রের বাকি সদস্যদের সনাক্তের জন্য ১০ দিনের রিমান্ড চেয়ে গতকাল আদালতে পাঠানো হয়েছে।

উচ্চমধ্যম, স্বতন্ত্র, প্রত্নতত্ত্ব, পরিবেশ পরিচিত সমাজ, মাধ্যমিক সাধারণ বিজ্ঞান, ইসলামী শিক্ষা, রচনা সন্ডার, চারু ও কাঞ্চনিকা, মাধ্যমিক অর্থনীতি, কৃষি শিক্ষা, শারীরিক শিক্ষা, মাধ্যমিক রসায়ন, কম্পিউটার